# টানা পাঁচ ম্যাচে মেসির জোড়া গোল, ইন্টার মিয়ামির ২-১ গোলে জয়



লিওনেল মেসি: সংগৃহীত ছবি

ফ্লোরিডার ফোর্ট লডারডেলে শনিবার রাতে মেজর লিগ সকারের (এমএলএস) উত্তেজনাপূর্ণ এক ম্যাচে লিওনেল মেসির জোড়া গোলে ইন্টার মায়ামি ২-১ ব্যবধানে হারিয়েছে ন্যাশভিল এসসি-কে। এই জয়ের মাধ্যমে থেমে যায় ন্যাশভিলের সব প্রতিযোগিতায় টানা ১৫ ম্যাচের অপরাজিত থাকার রেকর্ড।

মেসি এমএলএসে টানা পাঁচ ম্যাচে দুই বা ততোধিক গোল করার মাধ্যমে গড়েছেন নতুন রেকর্ড। সবশেষ ম্যাচে তার দুটি গোলই জয়ের জন্য যথেষ্ট ছিল মায়ামির জন্য, যারা বর্তমানে ১১ জয়, ৩ ড্র ও ৫ হারে ৩৮ পয়েন্ট নিয়ে আছে পয়েন্ট টেবিলের শীর্ষ চারে।

ম্যাচের ১৭তম মিনিটেই ফ্রি-কিক থেকে দুর্দান্ত এক গোল করে দলকে এগিয়ে দেন মেসি। প্রতিপক্ষের ডিফেন্ডারদের গড়া দেয়ালের ফাঁক গলে নিখুঁত শটে বল জালে পাঠান তিনি, যা ছুঁতে পারেননি ন্যাশভিল গোলরক্ষক জো উইলিস।

তবে দ্বিতীয়ার্ধে ৪৯তম মিনিটে অ্যান্ডি নাজারের দূরপাল্লার নিখুঁত ক্রসে হেড করে গোল করে ম্যাচে সমতা ফেরান ন্যাশভিলের হানি মুখতার। এটি ছিল তার মৌসুমের দশম গোল।

তবে ম্যাচের ৬২তম মিনিটে ভয়াবহ ভুল করেন ন্যাশভিলের গোলরক্ষক উইলিস। বুক দিয়ে বল নিয়ন্ত্রণে নিয়ে তা পরিষ্কার করতে গিয়ে সরাসরি মেসির পায়ে দেন। মেসি তা দক্ষতার সাথে নিয়ন্ত্রণে নিয়ে উইলিসকে কাটিয়ে জালে পাঠিয়ে দেন বল, যা হয়ে ওঠে ম্যাচের জয়সূচক গোল।

এই জয়ে ইন্টার মায়ামি তাদের সর্বশেষ পাঁচ ম্যাচে অপরাজিত থাকল এবং এমএলএসে টানা পাঁচ ম্যাচে জয় পেল। তারা তিন ম্যাচে টানা জয় তুলে নিয়েছে জুনের ২৯ তারিখে পিএসজির কাছে ক্লাব বিশ্বকাপের শেষ ষোলো থেকে বাদ পড়ার পর।

বর্তমানে মেসির গোল সংখ্যা দাঁড়িয়েছে ১৬, যা যৌথভাবে সর্বোচ্চ—ন্যাশভিলের স্যাম সারিজের সঙ্গে। এমএলএসে মেসির গোল অবদান ২৩টি এবং সব প্রতিযোগিতা মিলিয়ে তার গোল সংখ্যা ২২।

আগামী বুধবার আবার মাঠে নামবে দুটি দল—ইন্টার মায়ামি খেলবে সিনসিনাটির মাঠে এবং ন্যাশভিল মুখোমুখি হবে কলাম্বাসের।